যুগান্তর

তারিখ 16 JAN 20..
পৃষ্ঠা 2 কলাম ..

# ডিগ্রির প্রশ্নপত্র ফাঁস : কর্তৃপক্ষের ভাষ্য, অস্বাভাবিক কিছু নয়

রংপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ডিগ্রি পাস পরীক্ষার ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের তৃতীয় পত্রের প্রশ্ন ফাঁস হয়েছে। গতকাল বুধবার অনুষ্ঠিত পরীক্ষার প্রশ্নপত্রের সঙ্গে বাজারে পাওয়া হাতে লেখা ফটোস্ট্যাট প্রশ্নের সঙ্গে ৬টির মিল পাওয়া গেছে।

বাজারে পাওয়া ওই সব প্রশ্ন বুধবার রংপুরে যত্রতত্র পাওয়া গেছে। বাজারে পাওয়া ফটোস্ট্যাট প্রশ্নপত্রে মাত্র ১০/১২টি প্রশ্নের মধ্যে পরীক্ষায় বিবৃত প্রশ্নের সঙ্গে ৬/৭টি মিলে যাওয়া প্রসঙ্গে শিক্ষা মন্ত্রণালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাধিক কর্মকর্তা বলেছেন, অভিজ্ঞ শিক্ষক কর্তৃক তৈরিকৃত সাজেশন অনুযায়ী প্রশ্ন মিলে যাওয়া অস্বাভাবিক কিছু নয়। এ ব্যাপারে দ্বিমত পোষণ করে কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজের একাধিক সাজেশন তৈরি করা অভিজ্ঞ শিক্ষক জানান, কোন অবস্থাতেই তা সম্ভব নয়।